# 22204 - গাড়ী এক্সিডেন্টের কারণে যে ব্যক্তি হুশ হারিয়ে ফেলেছিল সে কি রমযানের ছুটে যাওয়া রোযাগুলোর কাযা পালন করবে?

## প্রশ্ন

জনৈক ব্যক্তি গাড়ী এক্সিডেন্টের শিকার হয়ে মৃতপ্রায় হয়ে গিয়েছিলেন। তিনি দীর্ঘদিন বেহুশ অবস্থায় ছিলেন; এর মধ্যে পবিত্র রমযান মাসও পড়ে ছিল। তিনি কোন কিছুই জানতেন না। বহুদিন পর করুণাময় মহিয়ান স্রষ্টা তাকে আরোগ্য করেছেন। তিনি পরিপূর্ণ সুস্থ হয়েছেন। এমতাবস্থায় কোন রোযা ও নামায কাযা পালন করা কি তার উপর আবশ্যকীয়?

## প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

যদি বাস্তবে এমনই হয়ে থাকে যেমনটি আপনি উল্লেখ করেছেন যে, এক্সিডেন্টের কারণে সেই ব্যক্তির হুশ ছিল না দীর্ঘদিন; এর মধ্যে রমযান মাসও পড়েছিল; এ ব্যাপারে আলেমদের দুটো অভিমতের মধ্যে সর্বাধিক শুদ্ধ মতানুযায়ী বেহুশ থাকার দিনগুলোর রোযা ও নামায কাযা পালন করা তার উপর আবশ্যকীয় নয়। যেহেতু সেই সময়কালে সেই ব্যক্তি শরিয় ভারপ্রাপ্ত ছিল না।

আল্লাহই তাওফিকদাতা, আমাদের নবী মুহাম্মদ, তাঁর পরিবার-পরিজন ও সাহাবীবর্গের প্রতি আল্লাহ্‌র রহমত ও শান্তি বর্ষিত হোক।